

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৯.০৩২.১৭.৯৭০

তারিখ : ০২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০১৭ ইং

বিষয়: গত ০২ জুলাই, ২০১৭ তারিখ অনুষ্ঠিত সচিব-সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সংক্রান্ত।


সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.০০১.০৮৮.১৭-৩২৮, তারিখ: ০৬/০৮/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয় গত ০২ জুলাই, ২০১৭ তারিখ অনুষ্ঠিত সচিব সভার বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ অবহিত করে সচিব মহোদয়ের ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং গৃহীত সিদ্ধান্তের মধ্যে ক্রমিক নং ১৫ (২২) এর সিদ্ধান্তের পূর্ণাঙ্গ তালিকা ই-মেইল: sas_s4@moedu.gov.bd- এবং Nikosh Ban ফন্টে Word Document হিসেবে উপসচিব, অধিশাখা-৪ (সমন্বয়), শিক্ষা মন্ত্রণালয় এ প্রেরণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, গত ০২ জুলাই, ২০১৭ তারিখ অনুষ্ঠিত সচিব-সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর, ২০১৭ তারিখ দুপুর ১২.০০ মিনিটের মধ্যে ই-মেইল: sas_s4@moedu.gov.bd- এবং Word Document হিসেবে উপসচিব, অধিশাখা-৪ (সমন্বয়), শিক্ষা মন্ত্রণালয়-এ প্রেরণপূর্বক অত্র শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্ম-সচিব
ফোন: ৯৫৫০৩৪১।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৯.০৩২.১৭.৯৭০

তারিখ : ০২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০১৭ ইং

সদয় সজ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, অধিশাখা-৪(সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (সরকারি/বেসরকারি মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্ম-সচিব